



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়
নোয়াখালী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র
www.ttc.noakhali.gov.bd

স্মারক নং : ৪৯.০১.৭৫০৭.০০৩.১৮.০১.১৭.১০০১

তারিখ : ০৭.০৪.২০২৬ খ্রিঃ

জনবল নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো(বিএমইটি) কর্তৃক পরিচালিত, নোয়াখালী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় পরিচালিত ০৪(চার) মাস মেয়াদী (৩৬০ ঘন্টা) শর্ট কোর্সে নিম্নবর্ণিত পদসমূহে জনবল নিয়োজিতকরণ/প্যানেল তৈরির নিমিত্তে আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	পদের সংখ্যা	সম্মানী
০৪	অতিথি প্রশিক্ষক (এ্যাডভান্সড সুইং মেশিন অপারেশন)	১। সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম বি,এস,সি ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। ২। বি,এস,সি ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে শিল্পকারখানা ও সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ৩। মাস্টার ক্রাফটস-ম্যান/ফোরম্যান হিসেবে সংশ্লিষ্ট কাজে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।	০১	প্রকল্পের নিয়ম অনুযায়ী, মাসিক ৪৪,৪৪৪/- (চুয়াল্লিশ হাজার চারশত চুয়াল্লিশ) টাকা। (১০% হারে উৎসকর কর্তন করা হবে)

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীর পূর্ণাঙ্গ জীবনবৃত্তান্ত (নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয়তা, জন্ম তারিখ, ধর্ম, বৈবাহিক অবস্থা শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, ৩০ এপ্রিল ২০২৫ খ্রিঃ তারিখে বয়স, জাতীয় পরিচয়পত্র নম্বর, ই-মেইল আইডি, মোবাইল নাম্বার), সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা সনদ, অভিজ্ঞতা সনদ, চারিত্রিক সনদ, নাগরিক সনদ, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপিসমূহ ও স্বহস্তে লিখিত আবেদন সহকারে ২২/০৪/২০২৬খ্রিঃ তারিখ দুপুর ০২ ঘটিকার মধ্যে নোয়াখালী টিটিসির অধ্যক্ষের কার্যালয়ে পৌঁছাতে হবে।
- খামের উপর পদের নাম ও নিজ জেলা অবশ্যই লিখতে হবে।
- আবেদন পত্র গ্রহণ/বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- অসম্পূর্ণ, ক্রটিযুক্ত ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য করা হবে।
- প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই বাছাইয়ের পর শুধুমাত্র যোগ্য প্রার্থীদের অনুকূলে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময়সূচি অত্র কেন্দ্রের নোটিশ বোর্ড/মোবাইল এসএমএস/ই-মেইলের মাধ্যমে জানানো হবে।
- বাছাই পরীক্ষার সময়ে আবেদনপত্রের সাথে প্রদানকৃত সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং বাছাই পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।
- ইহা কোন সরকারি চাকুরি নয়, ইহা চুক্তিভিত্তিক খন্ডকালীন অতিথি প্রশিক্ষক হিসেবে নিয়োজিতকরণ।
- প্রকল্পের মেয়াদকালীন সময়ে প্যানেল হতে অধ্যক্ষ মহোদয়ের আমন্ত্রণের ভিত্তিতে/প্রশিক্ষণ চালু থাকা সাপেক্ষে/ বাজেট প্রাপ্তি সাপেক্ষে সম্মানী ভাতা প্রদান করা হবে।
- জনবল নিয়োজিতকরণের ক্ষেত্রে নিয়োজিতকরণ সংক্রান্ত গঠিত বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।
- আবেদনকারী কর্তৃক দাখিল কৃত কোন তথ্য যে-কোন পর্যায়ে ভূয়া/মিথ্যা প্রমাণিত হলে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- সকল ক্ষেত্রে SICIP প্রকল্পের বিধি-বিধানসমূহ প্রযোজ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োজিতকরণ বিজ্ঞপ্তি সংশোধন, পরিবর্তন, বাতিল, স্থগিত করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ দিদার হোসেন)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

নোয়াখালী কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র